গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।
[Fax-9341076, Web-www.cbc.gov.bd, E-mail-bondcomdhk@gmail.com]

নথি নং-২(২০)৪৫/বন্ড কমিঃ/নিয়োগ/২০০৪/পার্ট-২/২০১৬/ তারিখ ঃ /০৪/২০১৯ খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা এর পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০০১.১৭.৩০২, তারিখঃ ২০ এপ্রিল, ২০১৭ এবং পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০০১.১৭-২৪/১(৪), তারিখঃ ০৭ জানুয়ারী, ২০১৯ মোতাবেক প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা-এর অধীনে নিম্নবর্ণিত শুন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.	ড্রাইভার	৯৩০০-২২৪৯০/- (গ্রড-১৬)	০২	(ক) ৮ম শ্রেনী পাশ; (খ) ড্রাইভিং এ ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর ও শরিয়তপুর জেলা। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০২। নিম্নে উল্লিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র রেজিস্ট্রার/ সরকারি ডাকযোগে "কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা" বরাবর আগামী ০৯/০৫/২০১৯ তারিখ বিকেল ০৫.০০ টার মধ্যে পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২.১। **প্রযোজ্য শর্তাবলিঃ**

যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিম্নবর্ণিত ফরমেট/ছক অনুযায়ী আবেদনপত্র কমিশনার বরাবর প্রেরণ করতে হবে। আবেদন ফরম এ দপ্তরের ওয়েবসাইট www.cbc.gov.bd তে পাওয়া যাবে।

চাকুরির আবেদন ফরম

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

(৫ সে.মি. × ৫ সে.মি. সম্প্রতি তোলা চার কপি সত্যায়িত ছবি ষ্ট্যাপলার করতে হবে)

বরাবর,
কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট,
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।

০১.	পদের নাম ঃ	
০২.	বিজ্ঞপ্তি নম্বর ঃ	তারিখঃ দি ন মা স ব ৎ স র
০৩.	প্রার্থীর নাম ঃ	বাংলায় ঃ
		ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ
০৪.	জাতীয় পরিচয় নম্বরঃ	(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর ঃ	
০৫.	জন্ম তারিখ ঃ দি ন মা স ব ৎ স র	৬. জন্মস্থান (জেলা) ঃ
০৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ	বছর মাস দিন
০৮.	মাতার নাম ঃ	
০৯.	পিতার নাম ঃ	

১০.	ঠিকানা ঃ	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ		
	গ্রাম/পাড়া/মহল্লা ঃ		
	ইউনিয়ন/ওয়ার্ড ঃ		
	ডাকঘর ঃ		
	পোস্ট কোড নম্বর ঃ		
	উপজেলা ঃ		
	জেলা ঃ		
১১.	যোগাযোগ ঃ	মোবাইল/টেলিফোন নম্বর ঃ	ই-মেইল (যদি থাকে) ঃ

১২.	জাতীয়তা ঃ	১৩.	জেন্ডার ঃ
১৪.	ধর্ম ঃ	১৫.	পেশা ঃ

১৬. শিক্ষাগত যোগ্যতা ঃ

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

১৯.	কোটা (টিক দিন) ঃ	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন) ঃ

২০.	চালান নম্বর ঃ	তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র
	ব্যাংক ও শাখার নামঃ									

২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র	প্রার্থীর নাম ও স্বাক্ষর

২.২. <u>আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ</u>

(ক) সাম্প্রতিককালে তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি ।

(খ) আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম, পত্র প্রেরণের ঠিকানা উল্লেখ করে ১০.০০ (দশ) টাকা মূল্য মানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট আলাদা একটি ফেরত খাম প্রেরণ করতে হবে।

(গ) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর অনুকূলে **১-১১৩৬-০০০৫-২০৩১** কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক/বাংলাদেশ ব্যাংক এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (সাম্প্রতিক সময়ে প্রদত্ত)।

(জ) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে কোটা সংক্রান্ত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্রের সত্যায়িত (১ম

শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) কপি।

৩. আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং কোটা (অনুচ্ছেদ-২.১(১৯) এ বর্ণিত) উল্লেখ করতে হবে।

৪. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।

৫. সরকারী/আধা-সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (নির্ধারিত সময়ের মধ্যে) আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬. ০১/০৩/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩২ পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তানের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭. সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের সন্তান, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য, এতিমখানা নিবাসী এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য কোটা বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

৮. আবেদনের সাথে সংযুক্ত ছবি সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা) স্বাক্ষরের নিচে তারিখ, নাম সহ সীল না থাকলে কিংবা সীলটি অস্পষ্ট হওয়ার কারণে কর্মকর্তার নাম, পদবী, দপ্তরের নাম পাঠযোগ্য না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে এ দপ্তরের নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**www.cbc.gov.bd**) এর মাধ্যমে জানানো হবে।

১০. লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১১. মৌখিক পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল সদনের মূলকপি প্রদর্শন ও অতিরিক্ত এক সেট ফটোকপি (সত্যায়িত) দাখিল করতে হবে।

১২. বিলম্বে প্রাপ্ত/অসম্পুর্ণ ও ক্রটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র দাখিলের পর কোন সংশোধনী গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত । এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় কোন নোটিশ ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা নিয়োগ বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. আবেদনপত্রের উপরে কোন ধরণের সুপারিশ বা যে কোন ধরণের তদবির সরাসরি প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

[মোঃ ফখরুল আমিন চৌধুরী]
উপ কমিশনার
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।